অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/29/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নিউ ইয়র্ক আইল্যান্ডাররা নির্ধারিত সময়ের এক বছর পূর্বে লং আইল্যান্ডে ফিরবে বলে গভর্নর কুয়েমো ঘোষণা দিলেন

এবার এবং পরবর্তী সিজনের যেকোনো প্লেওফ গেইম সহ, আইল্যান্ডাররা নাসাউ কলিসিয়ামে 2020-21 সিজনের সকল হোম গেইম খেলবে

বেলমন্টে চলে যাবার পূর্বে 6 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট-অর্থায়নে হওয়া কলিসিয়ামের উন্নীতকরণ আইল্যান্ডারদেরকে 'দ্যা বার্ন'-এ ফাইনাল সিজন খেলার ব্যবস্থা করবে

নতুন বেলমন্ট পার্ক অঙ্গনের নির্মাণ কাজ দ্রুত এগিয়ে যাচ্ছে, যেখানে কংক্রিট ফাউন্ডেশন সমাপ্ত এবং কাঠামোগত ইস্পাত ইমারত প্রায় 20 শতাংশ সম্পন্ন

2019-20 প্লেঅফ টিকিট বা 2020-21-এর আসন্ন কলিসিয়াম গেমসের জন্য নিয়মিত সিজনের টিকেট ক্রয় করতে এখানে ক্লিক করুন

নাসাউ ভেটেরান মেমোরিয়াল কলিসিয়ামে (Nassau Veteran's Memorial Coliseum) NYCB Live-একটি অনুষ্ঠিতব্য আসন্ন 2020-21 সিজনের সকল হোম গেইম সহ নিউ ইয়র্ক আইল্যান্ডাররা নির্ধারিত সময়ের এক বছর পূর্বে পূর্ণ-সময়ের জন্য লং আইল্যান্ডে ফিরবে বলে গভর্নর কুয়েমো ঘোষণা দিয়েছেন। অধিকন্তু, আইল্যান্ডাররা এই সিজন এবং পরের সিজনে কোলিসিয়ামে যেকোনো হোম প্লেঅফ গেম খেলবে। ভবনটির অবকাঠামোয় স্টেট কর্তৃক 6 মিলিয়ন মার্কিন ডলারের উন্নীতকরণের কারণে দলটি কলিসিয়ামে খেলতে পারছে। সম্ভাব্য 2019-20 হোম প্লেঅফ গেম এবং 2020-21 নিয়মিত সিজন গেমের টিকেট বিক্রয় আজ থেকে শুরু হবে। 2021-22 জাতীয় হকি লীগ (NHL) সিজনের জন্য দলের এরিনা নির্মাণের কাজ সম্পন্ন হবার দিকে থাকার পাশাপাশি, বেলমন্ট পার্ক-এ আইল্যান্ডারদের জন্য নতুন স্থায়ী বাড়ি নির্মাণের কাজ যখন এগিয়ে চলেছে তখন এই ঘোষণাটি এল।

"আইল্যান্ডারসরা সর্বদাই লং আইল্যান্ডের দল হিসেবে আছে, এবং আমি গর্বের সাথে ঘোষণা করছি যে এই আইকনিক স্পোর্টস ফ্র্যাঞ্চাইজিটি - সময়সূচির পুরো এক বছর পূর্বেই গৃহে আসবে," **গভর্নর কুওমো বলেন**। "আগামী বছর নতুন বেলমন্ট পার্ক এরিনার উদ্বোধনে লং আইল্যান্ডবাসীদের উদ্যম

এবং উদ্দীপনা তৈরির পাশাপাশি এই দীর্ঘ প্রত্যাশিত প্রত্যাবর্তন আইল্যান্ডারদেরকে তাদের অনুরাগী ভক্ত দলের মধ্যে ফিরিয়ে আনবে।"

নিউ ইয়র্ক আইল্যান্ডারদের সহ-স্বত্বাধিকারী জন লেডেকি বলেন, "বেলমন্ট পার্কে আমাদের নতুন গৃহে যাওয়ার পূর্বে আমরা পরের সিজনে আমাদের সকল গেইমগুলো কলিসিয়ামে খেলার প্রত্যাশা করছি, দুটোই গভর্নর কুউমো এবং কমিশনার বেটম্যানের কারণে সম্ভব হয়েছে।"

NHL কমিশনার গ্যারি বেটম্যান বলেন, "2021-22 NHL সিজনের জন্য বেলমন্ট পার্কে আইল্যান্ডারদের চলে আসার জন্য জাতীয় হকি লীগ যখন অপক্ষা করছে, তখন স্থাপনার উন্নীতকরণ এবং স্টেটের বিনিয়োগ এবং এই সুবিধা এবং আইল্যান্ডারদের মালিকানার অঙ্গীকারের কল্যাণে, আমরা এখন স্থির করেছি যে এই ক্রান্তিকালে ক্লাবের সর্বোত্তম বিকল্প হচ্ছে পরবর্তী সিজনে তার নিয়মিত-সিজনের হোম গেইম এবং এবারের ও পরবর্তী সিজনের যেকোনো হোম স্ট্যানলি কাপ প্লেঅফ গেইম নাসাউ কলিসিয়ামে NYCB Live-এ খেলা। এই গর্বিত ফ্রেঞ্চাইজিটির জন্য প্রয়োজনীয় ও প্রাপ্য নতুন গৃহ তৈরি করতে লীগ এবং ক্লাব নিউ ইয়র্ক স্টেটের সাথে একত্রে কাজ করছে এবং আমরা গত পাঁচ বছর ধরে আইল্যান্ডারদের সাথে স্বাগতিক হিসেবে খেলার জন্য বারক্লেস সেন্টারকে (Barclays Center) ধন্যবাদ জানাই এবং আইল্যান্ডারদের ভক্তদের তাদের ধৈর্য আর বিশ্বস্ততার জন্য ধন্যবাদ জানাই।"

আজকের ঘোষণাটি গভর্নর কুউমো, আইল্যান্ডারস এবং জাতীয় হকি লীগের বহু বছরের কাজের ফলাফল, যার ফলশ্রুতিতে 2020 সালের অক্টোবরে আইল্যান্ডাররা লং আইল্যান্ডে পূর্ণ-সময়ের জন্য দেশে ফিরে আসছে। দলটি এখন 2020-21 সিজনের 41টি হোম গেমের সবগুলো সহ, এবারের এবং পরবর্তী সিজনের যেকোনো হোম প্লেঅফ গেইম নাসাউ কলিসিয়ামে খেলবে।

স্টেট কর্তৃক 6 মিলিয়ন মার্কিন ডলাদের করা অর্থায়নের উন্নীতকরণ NHL-এর ন্যুনতম মান পর্যন্ত আনতে পেরেছে। উন্নয়নের মধ্যে রয়েছে টিমের লকার রুমগুলো সংস্কার করা, নতুন কেবল অবকাঠামো এবং সংশ্লিষ্ট আধুনিক সম্প্রচার মিডিয়া সরঞ্জাম স্থাপন, বাড়তি ডিহিমিডিফিকেশন ব্যবস্থা স্থাপন, আইস প্ল্যান্ট রিডানডেন্সি সিস্টেম স্থাপন এবং বিল্ডিংয়ের তাপমাত্রা, বায়ুচলাচল এবং শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা উন্নীত করা।

ডিসেম্বর 2017 সালে, গভর্নর কুউমো ঘোষণা দিছিলেন যে আইল্যান্ডাররা বেলমন্ট পার্কে একটি নতুন এরিনা তৈরি করবে এবং 2021-22 NHL সিজনে পূর্ণকালীন লং আইল্যান্ডে ফিরে আসবে এবং স্টেট এরপর থেকে আইল্যান্ডারদের স্বগৃহে প্রত্যাবর্তনকে ত্বরান্বিত করতে কাজ করেছে। 2018 সালের প্রথম দিকে সেই প্রচেষ্টা প্রথমে ফলপ্রসু হয়, যখন গভর্নর ঘোষণা দেন যে দলটি 2018-19 সিজনে নাসাউ কলিসিয়ামে এক ডজন গেম খেলবে। ছয় মাস পরে, কলিসিয়ামে আটটি অতিরিক্ত হোম গেম যোগ করা হয়, যেটি মূল বারোটি কোলসিয়াম গেইমের উচ্চ চাহিদার প্রতিফলন। 2019 সেপ্টেম্বরের মধ্যে গভর্নর কুয়েমো সেই প্রচেষ্টাকে আরো প্রসারিত করেন, যখন তিনি বেলমন্ট পার্ক এরিয়ার নির্মাণ কাজ শুরুর সময় ঘোষণা দেন যে দলটি 28টি গেইম খেলবে — অথবা — কলিসিয়ামে 2019-20 সিজনের সকল হোম গেইমের 68% খেলবে।

নতুন বেলমন্ট পার্ক এরিনার নির্মাণকাজ যখন তীব্র গতিতে এগিয়ে যাচ্ছে তখন লং আইল্যান্ডে আইল্যান্ডারদের পূর্ণ-সময়ের জন্য প্রত্যাবর্তনের সংবাদ এল। আজ পর্যন্ত, সাইট থেকে 330,000 কিউবিক গজেরও বেশি মাটি খনন করা হয়েছে, সম্পূর্ণ 15,000 কিউবিক গজ কংক্রিট ভিত ঢালা হয়েছে, এবং প্রকল্পের প্রায় 20% কাঠামোগত স্টিল বিম ইনস্টল করা হয়েছে। এছাড়াও, নতুন উন্নয়নকে এগিয়ে নিয়ে যেতে বেলমন্ট পার্কের বৈদ্যুতিক অবকাঠামো উন্নীত করার ক্ষেত্রে জন পরিষেবা এন্টারপ্রাইজ গ্রুপ লং আইল্যান্ড (PSEG Long Island) অবিচ্ছিন্ন অগ্রগতি করেছে এবং লং আইল্যান্ড রেল রোড (Long Island Rail Road, LIRR) নতুন এলমন্ট স্টেশনের (Elmont Station) নকশার কাজ শুরু করেছে, যেটি প্রাথমিকভাবে সরকারী-বেসরকারী অংশীদারিত্বের মাধ্যমে এরিয়া ডেভেলপার কর্তৃক অর্থায়ন করা হবে এবং এটি কয়েক দশকে নির্মিত প্রথম নতুন, পূর্ণকালীন লং আইল্যান্ড রেল রোড যাত্রী স্টেশন।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক জে. গার্টলার বলেন, "আইল্যান্ডাররা 1972 সাল থেকে লং আইল্যান্ডের অবিচ্ছেদ্য অঙ্গ এবং নিউ ইয়র্কের অর্থনৈতিক উন্নয়ন সংস্থার প্রধান এবং আজীবন হকি অনুরাগী হিসাবে — এই ফ্র্যাঞ্চাইজিটিকে দেশে ফিরতে দেখে আমি আনন্দিত। গভর্নর কুউমোর লক্ষ্য এবং নেতৃত্বের কল্যাণে, আইল্যান্ডাররা লং আইল্যান্ডে একটি অত্যাধুনিক, স্থায়ী বাড়ি তৈরি করছে, যেখানে হাজার হাজার কর্মসংস্থান এবং বিলিয়ন বিলিয়নের অর্থনৈতিক বিকাশ ঘটছে, এবং আজকের ঘোষণাটি সেই প্রচেষ্টাগুলোর সাথে আরও সংগতিপূর্ণ।"

বেসরকারী অর্থায়নে নির্মিত 1.3 বিলিয়ন ডলারের বেলমন্ট পুনঃউন্নয়ন প্রকল্পটি আইল্যান্ডবাসীদের জন্য 19,000 আসনের এরিনা ছাড়াও একটি 250 কক্ষের হোটেল এবং 350,000 বর্গফুট খুচরা পণ্যের পল্লী নির্মাণ করবে। প্রকল্পটি 10,000টি নির্মাণ সংশ্লিষ্ট কর্মসংস্থান তৈরি করবে এবং শেষ হওয়ার পরে 3,200টি পূর্ণকালীন চাকরির যোগান দিবে বলে আশা করা হচ্ছে। এছাড়াও, নির্মাণ কার্যক্রমগুলো 2.7 বিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক প্রভাব ফেলবে বলে ধারণা করা হচ্ছে, এবং পাশাপাশি নতুন এরিনা, হোটেল এবং খুচরা পণ্যের পল্লী 858 মিলিয়ন মার্কিন ডলারের বার্ষিক অর্থনৈতিক প্রভাব ফেলবে বলে আশা করা হচ্ছে।

আইল্যান্ডারদের ভক্তরা কলিসিয়ামে সম্ভাব্য 2019-2020 হোম প্লে অফ গেমের টিকিট রিজার্ভ এবং 2020-21 হোম গেমের জন্য টিকিট কিনতে পারবেন এখানে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন